

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দিনাজপুর সদর, দিনাজপুর
www.dinajpursadar.dinajpur.gov.bd

স্মারক নং: ০৫.৫৫.২৭৬৪.০০০.০৩.১০৫.২০-২৮

তারিখ: ২৪ জানুয়ারি/২০২৪ খ্রি.


বিষয়ঃ ওয়েব পোর্টাল হালনাগাদকরণ বিষয়ক সভায় অংশগ্রহণ প্রসংগে।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দিনাজপুর সদর উপজেলার সকল সরকারী দপ্তর এর ওয়েব পোর্টাল হালনাগাদ রাখা খুবই জরুরী। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ঘোষণা অনুযায়ী স্মার্ট বাংলাদেশ বিগিমাণে ওয়েবপোর্টাল হালনাগাদকরণ একটি গুরুত্বপূর্ণ বিষয়। এজন্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দিনাজপুর সদর, দিনাজপুর এর আয়োজনে আগামী ২৯/০১/২০২৪ তারিখ সকাল ১১.০০ টায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে সভা আয়োজন করা হয়েছে। উক্ত সভায় ওয়েব পোর্টাল হালনাগাদকরণের লক্ষ্যে কর্মকর্ত/কর্মচারীর তালিকা, নোটিশ, খবর, ফটোগ্যালারী, তথ্য প্রদানকারী কর্মকর্তা, অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা, আপীল কর্মকর্তা, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ইত্যাদি বিষয়ের হালনাগাদ তথ্যের সফটকপি সঙ্গে নিয়ে আসতে হবে।

এমতাবস্থায়, উল্লেখিত তারিখ ও সময়ে ওয়েব পোর্টাল হালনাগাদকরণ বিষয়ক সভায় অংশগ্রহণের লক্ষ্যে দিনাজপুর সদর উপজেলা ওয়েবপোর্টালে সংযুক্ত সকল দপ্তরের দপ্তর প্রধান/প্রতিনিধিকে (১ জন) ল্যাপটপ ও মডেমসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

সংযুক্তি: অফিসের তালিকা।

সংযুক্তিঃ ১ (এক) ফর্দ।



(ফয়সাল রায়হান)

উপজেলা নির্বাহী অফিসার

দিনাজপুর সদর, দিনাজপুর।

ফোন নং: ০৫৩১৬-৫১২২

ইমেইল-unodinajpur@mopa.gov.bd

প্রাপক:

উপজেলা -----অফিসার

দিনাজপুর সদর, দিনাজপুর।

অনুলিপি:সদয় অবগতির জন্য।

১. জেলা প্রশাসক, দিনাজপুর।
২. উপ-পরিচালক, স্থানীয় সরকার দিনাজপুর।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর।
৪. অফিস কপি।